PDF Complete
Your complimentary use period has ended. Thank you for using PDF Complete.
Click Here to upgrade to Unlimited Pages and Expanded Features

জাতন্ত্রী বাংলাদেশ সরকার
থমিক ও গণশিক্ষা বিভাগ
ংলাদেশ সচিবালয়,ঢাকা।

৬/১ তারিখঃ ০৫/১১/২০০০ ইং।

# পরিপত্র

## বিষয়ঃ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-অভিভাবক সমিতি পুনর্গঠন।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে শিক্ষা মন্ত্রনালয়ের স্মারক নং শাঃ১০/১০ এম-৫/৮২/পার্ট-২/৪৪৭-শিক্ষা , তারিখ- ২৪-০৬-৮৪ ইং মূলে প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে একটি করে শিক্ষক-অভিভাবক সমিতি গঠনের ব্যবস্থা রাখা হয়েছিল। বর্তমানে উক্ত সার্কলারের আলোকে গঠিত শিক্ষক-অভিভাবক সমিতির কর্মকান্ড স্তিমিত এবং বেশির ভাগ স্কুলে এর অস্তিত্ব নেই বললেই চলে। তাই স্থানীয় পর্যায়ে পরিকল্পনা, জবাবদিহিতা, সামাজিক সম্পৃক্ততা ইত্যাদি সঙ্গে শিক্ষক-অভিভাবকদেরকে নিবিড়ভাবে সম্পৃক্ত করার মাধ্যমে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী সফল ভাবে বাস্ত বায়ন, প্রাথমিক শিক্ষার গুনগত মানোন্নয়ন এবং প্রতিটি বিদ্যালয়েকে একটি শক্তিশালি সামাজিক প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে শিক্ষক-অভিভাবক সমিতি নিন্মোক্তভাবে পূনর্গঠন করা হলো।

০১। ক. প্রত্যেকটি প্রাথমিক বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকার ৩-১২ বছর বয়সী সকল শিশুর পিতা-মাতা/অভিভাবক এবং সকল শিক্ষক,শিক্ষক-অভিভাবক সমিতির প্রাথামক সদস্য থাকবেন।

খ. পূনর্গঠিত শিক্ষক-অভিভাবক সমিতির নির্বাহী কমিটি নিন্মরুপ হবেঃ

| | | |
|---|---|---|
| ১. | সংশিষ্ট প্রাথমিক বিদ্যালয় শিক্ষক-অভিাবক সমিতির সাধারন সদস্যগণ কর্তৃক নির্বাচিত একজন সদস্য | সভাপতি |
| ২. | সংশিষ্ট প্রাথমিক বিদ্যালয় শিক্ষক-অভিাবক সমিতির সাধারন সদস্যগণ কর্তৃক নির্বাচিত একজন সদস্য | সহ-সভাপতি |
| ৩. | সংশিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক(পদাধিকার বলে) | সদস্য সচিব |
| ৪. | সংশিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের মধ্য হতে সাধারন সাধারন সদস্যগণ কর্তৃক নির্বাচিত একজন শিক্ষক | সদস্য |
| ৫-৭ | সংশিষ্ট বিদ্যালয়ের অভিভাবকগণের মধ্য হতে সাধারন সদস্যগণ কর্তৃক নির্বাচিত তিন জন পুরুষ অভিভাবক | সদস্য |
| ৮-১০ | সংশিষ্ট বিদ্যালয়ের অভিভাকগণের মধ্য হতে সাধারন সদস্যগণ কর্তৃক নির্বাচিত তিনজন মহিলা অভিভাবক | সদস্য |

গ. শিক্ষক-অভিভাবক সমিতির সাধারন সভায় বছরে অন্তত: দু'বার অনুষ্ঠিত হবে।

ঘ. নির্বাহী কমিটির নিয়মিত সভায় নির্বাহী কমিটির আমন্ত্রণক্রমে উপজেলা পর্যায়ের প্রাথমিক শিক্ষা বিভাগের কর্মকর্তাগণ,ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণ, সরকারী দপ্তরসমূহের মাঠ পর্যায়ের সম্প্রসারণ কর্মীগণ এবং অন্যান্য বিদ্যাৎসাহী ব্যক্তিগণ অংশগ্রহণ করতে পারবেন।

### ০২। সমিতি গঠনের লক্ষ্য ও উদ্দেশ্যঃ

(১) শিক্ষক-অভিভাবকদের মধ্যে সুসম্পর্ক গড়ে তোলা।
(২) শিক্ষক-অভিভাবকদের যৌথ প্রয়াসে শিক্ষার গুনগত মনোন্নয়নের জন্য গৃহীত উদ্যোগকে জোরদার করা।
(৩) বিদ্যালয়ের সার্বিক কর্মকান্ডে অভিভাবকদের সম্পৃক্ত করা ।
(৪) তৃণমূল পর্যায়ে জবাবদিহিতা প্রতিষ্ঠা করা।
(৫) শিক্ষক-অভিভাবকদের দায়িত্ব ও কর্তব্যের উৎসাহিত করা।
(৬) স্থানীয়ভাবে সমস্যার সমাধন কে উৎসাহিত করা।
(৭) কল্যাণ ট্রাস্ট গঠন।

চলমান পাতা/২

PDF Complete
Your complimentary use period has ended. Thank you for using PDF Complete.
Click Here to upgrade to Unlimited Pages and Expanded Features

লনায় সহায়তা প্রদান করা। বিদ্যালয় গমনোপযোগী শিশুদের
ার্বিক প্রচেষ্টা চালানো।
াড়ে তোলা।

(৩) বিদ্যালয়ের উন্নয়নের জন্য কল্যাণ সমিতি গঠন ও সম্পদ সংগ্রহ করা।
(৪) স্কুল পরিবেশকে মনোমুগ্ধকর ও আকর্ষনীয় করে তোলার জন্য শিক্ষক ও ম্যানেজিং কমিটির সংগে সহযোগিতা করা যাতে শিশু নিরাপদ সুস্থ ও আনন্দঘন পরিবেশে শিক্ষা লাভে সুযোগ পায়।
(৫) অভিভাবক নিজেদের সন্তানের লেখাপড়ার প্রতি যেরুপ যত্সবান হবেন, পাড়া-প্রতিবেশীদের সন্তানদির পড়াশুনার প্রতিও যাতে সমান গুরুত্ব সহকারে সহযোগিতা করতে পারেন সে বিষয়ে তাদের উৎসাহিত করা।
(৬) প্রয়োজনবোধে বিদ্যালয়গৃহ মেরামত করা, বিদ্যালয়ের অংগন পরিষ্কার রাখা এবং বিদ্যালয়ের সম্পত্তি রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করা।
(৭) শিশুদের মধ্যে মানসিক, ধমীয় ও সামাজিক সচেতনতাবোধ আনয়নের জন্য চেষ্টা করা।
(৮) বিদ্যালয়ের বিভিন্ন প্রকার সহ-পাঠক্রমিক কাজে সংশিষ্ট বিদ্যালয় কর্মকর্তাগণকে প্রয়োজনীয় সাহায্য প্রদান করা এবং সক্রিয় ভূমিকা গ্রহণ করা।
(৯) প্রাথমিক বিদ্যালয়কে এলাকার সকল পেশাজীবী মানুষ এবং স্থানীয় এলাকাবাসীদের সামাজিক, অর্থনৈতিক, শিক্ষা ও সাংস্কৃতিক উন্নয়নের জন্য একটি শক্তিশালী কেন্দ্র হিসেবে গড়ে তোলা।
(১০)বিদ্যালয় ত্যাগ কারন অনুসন্ধান করে বিদ্যালয় ত্যাগ রোধের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা।
(১১) উন্নত ধরণের হাঁস-মুরগী পালন,শাক-সবজী চাষ এবং ফলমুল উৎপাদন ও সমবায় কার্যকান্ডের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের পিতামাতার জীবিকার উন্নতি সাধনে সাহায্য করা।
(১২) বিভিন্ন প্রকার কার্যক্রমের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের মধ্যেমঞ্চয়ের অভ্যাস ও সমবায়ী মনোভাব গড়ে তোলা।
(১৩) শিক্ষক ও সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তাদের সরকারী নির্দেশ অনুযায়ী হোম ভিজিট কর্মকান্ডে সহায়তা প্রদান করা।
(১৪) ক্লাস্টারন ট্রেনিং আয়োজনে সহকারী উপজেলা শিক্ষা অফিসারদেরকে সহযোগিতা করা।
(১৫) বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্যদের জন্য সহায়ক তথ্য শীর্ষক পুস্তিকায় উলেখিত মা সমাবেশ ও অভিভাবক সমাবেশ উঠান বৈঠন (শিক্ষক-অভিভাবক সমিতির সাব-কমিটি কর্তৃক) গৃহ পরিদর্শন প্রভৃতি দায়িত্ব পালন তরা।
(১৬) গৃহে অভিভাবকগণ যাতে শিশুদের লেখাপড়ার পরিবেশ সৃষ্টি করতে পারেন যে বিষয়ে তাদের উৎসাহিত করা।
(১৭) স্থানীয় পর্যায়ে পরিকল্পনা, জবাবদিহিতা ও সামাজিক মালিকানার ধারণা প্রতিষ্ঠায় অগ্রনী ভূমিকা পালন করা।

## ০৪। নির্বাহী কমিটির মেয়াদ ঃ

নির্বাহী কমিটি ০৩ বছরের জন্য নির্বাচিত হবে। দায়িত্ব গ্রহনের তারিখ হতে ০৩ বছর কমিটি দায়িত্ব পালন করবে। নির্বাচিত কমিটির মেয়াদ শেষ হবার ৩০ দিন পূর্বে নতুন কমিটির নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে। তবে পুরাতন/বিদ্যমান কমিটির দায়িওত্বের মেয়াদ শেষ হবাব ৭ দিনের মধ্যে নতুন কমিটি দায়িত্ব গ্রহণ করবে।

## ০৫। শিক্ষক-অভিভাবক সমিতি, বাধ্যতামলূক প্রাথমিক শিক্ষা কমিটি ও স্কুল ম্যানেজিং কমিটির সম্পর্ক ঃ

শিক্ষক-অভিভাবক সমিতি বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কমিটি, স্কুল ম্যানেজিং কমিটির সমর্থনকারী সংগঠন হিসেবে কাজ করবে। শিক্ষক-অভিভাবক সমিতি ও স্কুল ম্যানেজিং কমিটির মধ্যে ঘনিষ্ট সম্পর্ক স্থাপনের জন্য নিন্মোক্ত পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে ঃ

(১) ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত, শিক্ষক-অভিভাবক সমিতির সভায় আলোচনা করা যেতে পারে।
(২) শিক্ষক-অভিভাবক সমিতির চেয়ারম্যান স্কুল ম্যানেজিং কমিটির সভায় যোগদান করতে পারেন।
(৩) স্কুলের উন্নয়নমূলক ও গুরুত্বপূর্ন কাজে ম্যানেজিং কমিটি ও শিক্ষক-অভিভাবক সমিতি যৌথভাবে কাজ করতে পারেন।
(৪) কমপক্ষে বছরে ৩ বার উভয় কমিটির যুগ্ম-সভা আহবান করে আলোচনার মাধ্যমে স্কুলের সার্বিক উন্নয়নের জন্য ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।

Your complimentary use period has ended. Thank you for using PDF Complete.
Click Here to upgrade to Unlimited Pages and Expanded Features

মিতি একে অপরর সম্পূরক হিসেবে স্কুলের উন্নয়নমূলক কাজে সার্বিক

০৬। উপজেলা শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা শিক্ষা অফিসার শিক্ষক-অভিভাবক সমিতি গঠনে প্রয়োজনীয় ব্যবস্থা  নেবেন।

০৭। আগামী ৩০/০৪/২০০১ তারিখের মধ্যে প্রতিটি বিদ্যালয়ে শিক্ষক-অভিভাবক সমিতির গঠন কাজ সম্পন্ন করতে হবে।

স্বাক্ষর
(মোঃ মাহবুবুর রহমান)
সিনিয়ার সহকারি সচিব(প্রশা-৩)
ফোন ঃ ৮৬১৭৭১৮

উপনিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারী মুদ্রনালয়,তেজগাঁও,ঢাকা।
(বাংলাদেশ গেজেটর পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধ করা হল)

স্মারক নং প্রাগবি/প্রশা-৩/কমিটি-৩/২০০০/৫২৬/১ তারিখঃ ০৫/১১/২০০০ ইং।

কাযার্থে-
১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর,মিরপুর ঢাকা।
২। মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট,শিক্ষা ভবন,ঢাকা।
৩। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তর,লালমাটিয়া,ঢাকা।
৪। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা ................................ বিভাগ।
৫। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সকল কর্মকর্তা।
৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার .............................জেলা(সকল)

সদয় অবগতির জন্য

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ ভিাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সচিব, সংস্থাপন মন্ত্রনালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার(সকল) ,........................ বিভাগ।

স্বাক্ষর
(মোঃ মাহবুবুর রহমান)
সিনিয়ার সহকারি সচিব(প্রশা-৩)
ফোন ঃ ৮৬১৭৭১৮